



**Embassy of Bangladesh**  
to the Kingdom of Belgium, the Grand Duchy of Luxembourg &  
Mission to the European Union

নং-ক্র-এডমিন/৫০/২০০৬


৩০ জুলাই ২০১৮

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম  
শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস  
১৫ আগস্ট ২০১৮**

আগামী ১৫ আগস্ট ২০১৮ রোজ বুধবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস-এ সকাল ১০:০০ ঘটিকায় নিম্নলিখিত অনুষ্ঠানসূচীর আয়োজন করা হয়েছে :

- জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিতকরণ;
- এক মিনিট নীরবতা পালন;
- দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী প্রদত্ত বাণীসমূহ পাঠ;
- জাতির পিতার জীবনীভিত্তিক ভিডিও চিত্র প্রদর্শন;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর “অসমাপ্ত আত্মজীবনী” হতে অংশবিশেষ পাঠ;
- মান্যবর রাষ্ট্রদূত কর্তৃক সংক্ষিপ্ত বক্তব্য;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য শহীদ সদস্যবৃন্দের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া;

২। উক্ত অনুষ্ঠানে যোগদানের জন্য বাংলাদেশ কমিউনিটির সকল সদস্যকে বিনীত আমন্ত্রণ জানানো হচ্ছে।

  
(আন্দালিব ইলিয়াস)  
মিনিষ্টার  
দূতালয় প্রধান